দৈনিক সংবাদ

তারিখ ... APR 24 1999

পৃষ্ঠা ১ কলাম ৪

ভিক্টোরিয়া কলেজের শতবর্ষ পূর্তি

# আজ থেকে ৭ মাসব্যাপী অনুষ্ঠানমালা শুরু

॥ নূরুর রহমান ॥

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের শতবর্ষ পূর্তি উপলক্ষে ওল্ড ভিক্টোরিয়ানদের ৭ মাসব্যাপী অনুষ্ঠানমালা আজ ২৪শে এপ্রিল শনিবার থেকে শুরু হচ্ছে।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে শোভাযাত্রা, প্রতিষ্ঠাতা আনন্দ চন্দ্র রায়ের বাড়িতে স্মৃতিতর্পণ, আনন্দ চন্দ্র রায়, প্রথম অধ্যক্ষ সত্যেন্দ্রনাথ রায় ও কুমিল্লা সমবায়ের প্রবক্তা, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমির প্রতিষ্ঠাতা ও কলেজটির প্রাক্তন অধ্যক্ষ আক্তার হামিদ খান স্মারক বক্তৃতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানের জন্য রানীর দিঘিরপাড়স্থ কলেজটির উচ্চ মাধ্যমিক শাখায় মঞ্চ নির্মাণ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানটির প্রাক্তন ছাত্র ও উপাধ্যক্ষ অধ্যাপক ফজলুল করিমের রেকর্ড করা বাণী প্রচারের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন মন্ত্রী ও এই কলেজের প্রাক্তন ছাত্র রফিকুল ইসলাম (বীর উত্তম)।

১৮৯৯ সালে জমিদার আনন্দ চন্দ্র রায় এন্ট্রান্স স্কুল প্রতিষ্ঠান করেন। ১৮৮৮ সালে রানী ভিক্টোরিয়ার জুবিলি জয়ন্তীর স্মারক হিসেবে এর নামকরণ করা হয় ভিক্টোরিয়া স্কুল। এই স্কুলটি ভিক্টোরিয়া কলেজ হয় ১৮৯৯ সালে। ১৯২৬ সালের ২১শে ফেব্রুয়ারি কবি রবীন্দ্রনাথ এই কলেজে এসেছিলেন। কবি নজরুল কলেজটির সামনে রানীর দিঘিরপাড়ে বসে কবিতা লিখেছেন, বাঁশি বাজিয়েছেন। ১৯৩২-৩৩ সালে কলেজটিকে উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি শাখায় ভাগ করা হয়। ডিগ্রি শাখাটি ধর্মপুরে অবস্থিত। ১৯৬৮ সালের ১লা মে ভিক্টোরিয়া কলেজকে সরকারি করা হয়। এখন এই কলেজে ১৬টি বিষয়ে অনার্স ও মাস্টার্স কোর্স চালু রয়েছে।

কলেজটির প্রাক্তন ছাত্রদের সংগঠন ওল্ড ভিক্টোরিয়ানস্ আত্মপ্রকাশ করে ১৯৮৩ সালে। তাদেরই উদ্যোগে উচ্চ মাধ্যমিক শাখার সামনে নির্মিত হয়েছে শহীদদের স্মৃতির স্মরণে স্বাধীনতা সৌধ। এটি কুমিল্লার সবচেয়ে বেশি আকর্ষণীয় ও দৃষ্টিনন্দন সৌধ।